ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৩৭০

আগরতলা, ১৪ আগস্ট, ২০২৫

# রাজ্যভিত্তিক সুকান্ত জন্মজয়ন্তী অনুষ্ঠিত

কিশোর কবি সুকান্ত ভট্টাচার্য মাত্র ২১ বছর বয়সে আমাদের সাহিত্যের ভান্ডারকে যেভাবে তার কবিতা, গল্প ও প্রবন্ধের মাধ্যমে সমৃদ্ধ করে গেছেন তা অভাবনীয়। তিনি যদি আরও বেশিদিন বেঁচে থাকতেন তাহলে আমরা তাঁর অমূল্য লেখনীতে আরও বেশি সমৃদ্ধ হতে পারতাম। আজ নজরুল কলাক্ষেত্রে বিদ্যালয় শিক্ষা দপ্তর আয়োজিত রাজ্যভিত্তিক ৯৯তম সুকান্ত জন্মজয়ন্তী উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করে পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল একথা বলেন। অনুষ্ঠানে তিনি বলেন, কবির প্রতিটি লেখাতেই স্বার্থবাদীদের বিরুদ্ধে প্রতিবাদ এবং দুঃস্থজনের প্রতি সহমর্মিতা প্রকাশ পায়। ছাত্রছাত্রীদের বেশি করে সুকান্তের গল্প, কবিতা ও প্রবন্ধ পাঠ করতে হবে। এছাড়াও ছাত্রছাত্রীদের বাল্যবিবাহ প্রতিরোধ ও নেশামুক্ত ত্রিপুরা গড়ার কর্মসূচিতে অংশ নেওয়ার জন্য তিনি আহ্বান জানান।

অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন বিদ্যালয় শিক্ষা দপ্তরের যুগ্ম অধিকর্তা রাকেশ দেববর্মা, পশ্চিম ত্রিপুরা জেলা শিক্ষা আধিকারিক পল্লব কান্তি সাহা প্রমুখ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিদ্যালয় শিক্ষা দপ্তরের ও.এস.ডি. সুব্রত ভট্টাচার্য এবং মৃদুল চক্রবর্তী। অনুষ্ঠানে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা কবি সুকান্ত রচিত কবিতা, আবৃত্তি, সংগীত ও নৃত্য পরিবেশন করে।

*****